# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

নির্বাহী প্রকৌশলীর দপ্তর
বরগুনা পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো,
বরগুনা।
ফোন ঃ ০২-৪৭৮৮৮৬৫৫১ (অফিস)
ঃ ০২-৪৭৮৮৮৬৪০১ (বাসা)

Office of the, Executive Engineer
Barguna WD Division, BWDB, Barguna.
Phone : 02-478886551 (Office)
:02-478886401 (Resident)

email : xen.barguna@gmail.com

স্মারক নং-২ই-১/১৩২৮ তারিখঃ ১৩/০৭/২০২৬খ্রিঃ

**"সীমিত দরপত্র পদ্ধতির (LTM) এর আওতায় কার্যক্রয় ও পণ্য সরবরাহ নেওয়ার লক্ষ্যে ঠিকাদার তালিকাভুক্তি ও নবায়নের বিজ্ঞপ্তি"**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বরগুনা পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, বরগুনা দপ্তরের আওতায় পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫ এর আলোকে সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM) অনধিক ০৫ (পাঁচ) কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরীণ কার্য-ক্রয় ও ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা পর্যন্ত পণ্য সরবরাহের লক্ষ্যে ২০২৬-২০২৭ অর্থ বছরের জন্য ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি/নবায়ন করা হবে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা এর স্মারক নং-৪২.০১.০০০০.০০৫.২২.০০৩.১৫.১৩৪; তারিখঃ ২০/০৭/২০২০ খ্রিঃ এর নির্দেশনা অনুযায়ী প্রতিসেট নির্ধারিত আবেদনপত্র (ডকুমেন্ট) ৫০০/- (পাঁচশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরত যোগ্য) হিসাব রক্ষণ অফিসার, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, পটুয়াখালী এর অনুকূলে ইস্যু করতঃ অত্র দপ্তর হতে সংগ্রহ করা যাবে এবং আবেদনপত্র (ডকুমেন্ট) সঠিকভাবে পূরণ করতঃ প্রয়োজনীয় কাগজপত্রসহ আগামী ৩১/০৮/২০২৬ খ্রিঃ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে অত্র দপ্তরে জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, পিপিআর-২০২৫ মোতাবেক সামাজিক ক্রয় ক্যাটেগরিতে তালিকাভূক্তির জন্য আবেদনপত্রের উপর আলাদাভাবে উল্লেখ করতে হবে এবং স্বপক্ষে প্রমাণক দাখিল করতে হবে।

**ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি ও নবায়নের তফসিলঃ-**

| ক্রমিক নং | তালিকাভূক্তির ধরণ | আবেদন ফরম বিতরণ আরম্ভের তারিখ | আবেদন ফরম গ্রহণ ও দাখিলের সর্বশেষ তারিখ |
|---|---|---|---|
| ০১ | ঠিকাদার তালিকাভূক্তি (কার্য) | ১৪/০৭/২০২৬ খ্রিঃ | ৩১/০৮/২০২৬ খ্রিঃ বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত। |
| ০২ | সরবরাহকারী তালিকাভূক্তি (পণ্য সরবরাহ) | | |

**ঠিকাদার তালিকাভূক্তির (কার্য-ক্রয় ও পণ্য সরবরাহ) প্রয়োজনীয় নির্দেশনাবলীঃ-**

| | |
|---|---|
| আবেদনের যোগ্যতা | ০১। বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স ০২। ভ্যাট ও ট্যাক্স ক্লিয়ারেন্স সার্টিফিকেট ০৩। কার্য ক্রয়ে ২৫ লক্ষ টাকা এবং পণ্য সরবরাহের ক্ষেত্রে ৫ লক্ষ টাকার স্থিতি সম্বলিত হালনাগাদ ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট/বিবরণী ০৪। জাতীয় পরিচয়পত্র ০৫। পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙিন ছবি ০৬। প্রতিষ্ঠানের যন্ত্রপাতি ও জনবলের তালিকা ০৭। ঠিকাদারী প্রতিষ্ঠানের মালিকের ৩০০/- (তিনশত) টাকার স্ট্যাম্পে অঙ্গীকারনামা ০৮। ঠিকাদার/প্রতিষ্ঠানের হলফনামা এর কপি (প্রযোজ্য ক্ষেত্রে)। |
| আবেদন ফি | আবেদন ফি ৫০০/- (পাঁচশত) টাকার(অফেরত যোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট হিসাব রক্ষণ অফিসার, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, পটুয়াখালী এর অনুকূলে। |
| তালিকাভূক্তির নিবন্ধন ফি | নিবন্ধন ফি ৫০০০/- (পাঁচ হাজার) টাকার (অফেরত যোগ্য) একটি পে-অর্ডার/ব্যাংক ড্রাফট হিসাব রক্ষণ অফিসার, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, পটুয়াখালী এর অনুকূলে এবং সরকার নির্ধারিত ফি অতিরিক্ত ১৫% হারে মূল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকার ট্রেজারী চালানের কপি।<br>একক মালিকানাধীন প্রতিষ্ঠানের স্বত্ত্বাধিকারী নারী হলে নিবন্ধন ফি ৩০০০/- (তিন হাজার) টাকা এবং মূল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ ৪৫০/- (চারশত পঞ্চাশ) টাকা। |

**ঠিকাদার তালিকাভূক্তি (কার্য ক্রয়/পন্য) নবায়নের তফসিলঃ-**

| | |
|---|---|
| আবেদনের যোগ্যতা | ০১। নির্ধারিত আবেদনপত্র ০২। বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স ০৩। ভ্যাট ও ট্যাক্স ক্লিয়ারেন্স সার্টিফিকেট |
| নবায়ন ফি | নবায়ন ফি ২০০০/- (দুই হাজার) টাকার (অফেরত যোগ্য) একটি পে-অর্ডার/ব্যাংক ড্রাফট হিসাব রক্ষণ অফিসার, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, পটুয়াখালী এর অনুকূলে এবং সরকার নির্ধারিত ফি অতিরিক্ত ১৫% হারে মূল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ ৩০০/- (তিন শত) টাকার ট্রেজারী চালানের কপি।<br>একক মালিকানাধীন প্রতিষ্ঠানের স্বত্ত্বাধিকারী নারী হলে নবায়ন ফি ১৫০০/- (এক হাজার পাঁচ শত) এবং মূল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ ২২৫/- (দুই শত পঁচিশ) টাকা। |
| আবেদনের সময়সীমা | ৩১/০৮/২০২৫ খ্রিঃ বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত (সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ব্যতীত)। |

উল্লেখ্য যে, ক্রয়কারী কর্তৃপক্ষ (Procuring Entity) আবেদনকারীদের আবেদনপত্র যাচাই বাছাই সাপেক্ষে কোন কারণ দর্শানো ব্যতিরেকে আবেদন গ্রহণ বা বাতিল করার ক্ষমতাবান এবং ঠিকাদার/সরবরাহকারী প্রতিষ্ঠানের সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM) দরপত্রে অংশ গ্রহণের জন্য e-GP Registration থাকা আবশ্যক।

13.07.2026

(মোঃ আব্দুল হান্নান প্রধান)
নির্বাহী প্রকৌশলী (অঃদাঃ)
বরগুনা পানি উন্নয়ন বিভাগ,
বাপাউবো, বরগুনা।

স্মারক নং-২ই-১/১৩২৮ তারিখ ঃ ১৩/০৭/২০২৬খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমাণুসারে নয়) ঃ

১। প্রধান প্রকৌশলী, দক্ষিণাঞ্চল, বাপাউবো, বরিশাল।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পটুয়াখালী পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, পটুয়াখালী।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, লেভেল-৬, পানি ভবন, ৭২ গ্রীণ রোড, ঢাকা।
৪। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, লেভেল-৯, পানি ভবন, ঢাকা। বিজ্ঞপ্তিটি জাতীয় পর্যায়ে বহুল প্রচারিত ১টি বাংলা ও ১টি ইংরেজি পত্রিকায় এবং বরগুনা জেলায় প্রকাশিত স্থানীয় একটি পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৫। সি এস ও টু মহাপরিচালক, বাপাউবো, পানি ভবন, ৭২ গ্রীণ রোড, ঢাকা।
৬। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, সেন্ট্রাল আইসিটি সেল, প্রধান প্রকৌশলী, মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা। বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের সবিনয় অনুরোধসহ।
৭। জেলা প্রশাসক, বরগুনা। (নোটিশ বোর্ডে প্রকাশের অনুরোধসহ)
৮। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপদ বিভাগ/গণপূর্ত বিভাগ/ স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/ স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, বরগুনা। (নোটিশ বোর্ডে প্রকাশের অনুরোধসহ)
৯। উপ-বিভাগীয় প্রকৌশলী, বরগুনা/আমতলী/পাথরঘাটা পানি উন্নয়ন উপ-বিভাগ, বাপাউবো, বরগুনা।
১০। হিসাব রক্ষণ অফিসার, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, পটুয়াখালী।
১১। প্রাক্কলনিক, অত্র দপ্তর।
১২। অফিস কপি।

13.07.2026
নির্বাহী প্রকৌশলী
বরগুনা পানি উন্নয়ন বিভাগ,
বাপাউবো, বরগুনা।